

দশম অধ্যায়: গণতান্ত্রিক মনোভাব

► যোগ্যতাভিত্তিক সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-১. স্কুলের প্রধান শিক্ষক যেকোনো কাজে অধিকাংশের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করেন। শিক্ষকের আচরণে কোনটি প্রকাশ পায়?

উত্তর: গণতান্ত্রিক মনোভাব।

প্রশ্ন-২. সুমন পঞ্চম শ্রেণির ছাত্র। তার ক্লাসে কীভাবে শ্রেণিনেতা নির্বাচিত হবে?

উত্তর: সবার ঐকমত্যের ভিত্তিতে।

প্রশ্ন-৩. 'ক' দেশে জনগণের শাসন বিদ্যমান। 'ক' দেশে কোন ধরনের শাসনব্যবস্থা বিদ্যমান?

উত্তর: গণতান্ত্রিক শাসনব্যবস্থা।

প্রশ্ন-৪. শ্রেণিশিক্ষক সকলের ভোটে শ্রেণিনেতা নির্বাচন করেন। এতে কোনটি প্রকাশ পায়?

উত্তর: গণতান্ত্রিক মনোভাব।

প্রশ্ন-৫. শিক্ষক আহাদ শ্রেণিনেতাকে শ্রেণিকক্ষ সাজানোর ব্যাপারে নির্দেশ দেন। শ্রেণিনেতা কাজটি কীভাবে করবে?

উত্তর: সকলের মতামতের ভিত্তিতে।

প্রশ্ন-৬. সিফাতদের বিদ্যালয়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে। এক্ষেত্রে সিফাতরা কীভাবে কাজ করবে?

উত্তর: সকলের মতামতের ভিত্তিতে।

প্রশ্ন-৭. মিসেস হাবিবা বাড়ির সকল সিদ্ধান্ত নিজেই গ্রহণ করেন। তার আচরণে কীসের অভাব রয়েছে?

উত্তর: গণতান্ত্রিক মনোভাবের।

প্রশ্ন-৮. শফিকুল ইসলাম তার প্রতিষ্ঠানের সেবার মান উন্নত করতে চান। এক্ষেত্রে তার কী করা উচিত?

উত্তর: অধিকাংশের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ।

প্রশ্ন-৯. রিয়াজ সাহেব তার প্রতিষ্ঠানের সকল কর্মীদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেন। ফলে কর্মীদের মধ্যে কোনটি ঘটবে?

উত্তর: নিজেদের মত প্রকাশে উৎসাহী হবে।

প্রশ্ন-১০. আমাদের দেশের শাসনব্যবস্থায় জনগণের শাসন বিদ্যমান। আমাদের দেশে কোন শাসনব্যবস্থা বিদ্যমান?

উত্তর: গণতান্ত্রিক।

► সাধারণ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-১১. গণতান্ত্রিক মনোভাব কী? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: অধিকাংশের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা এবং সম্মান করাকে গণতান্ত্রিক মনোভাব বলে।

প্রশ্ন-১২. বিদ্যালয়ে গণতান্ত্রিক চর্চার একটি উদাহরণ লেখ। [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: শ্রেণির দলনেতা নির্বাচনে অধিকাংশের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ।

প্রশ্ন-১৩. গণতন্ত্রের অর্থ কী?

উত্তর: জনগণের শাসন।

প্রশ্ন-১৪. আমাদের রাষ্ট্র পরিচালনার মূলনীতি কী?

উত্তর: গণতন্ত্র আমাদের রাষ্ট্র পরিচালনার মূলনীতি।

প্রশ্ন-১৫. রাজনৈতিকভাবে বাংলাদেশ কীরূপ রাষ্ট্র?

উত্তর: রাজনৈতিকভাবে বাংলাদেশ একটি গণতান্ত্রিক রাষ্ট্র।

প্রশ্ন-১৬. কী প্রতিষ্ঠার জন্য আমাদের দেশের জনগণ দীর্ঘদিন সংগ্রাম করেছে?

উত্তর: গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য।